দৈনিক ইত্তেফাক

২\৯\২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ ... কলাম ... ৬ ......

# আওয়ামী লীগ আবার ক্ষমতায় গেলে দেশে মাদ্রাসা শিক্ষা থাকিবে না

........................................ নিজামী

**ইত্তেফাক রিপোর্ট** ॥ জামায়াতে ইসলামীর আমীর মাওলানা মতিউর রহমান নিজামী বলিয়াছেন, আওয়ামী লীগ আবার ক্ষমতায় গেলে দেশে মাদ্রাসা শিক্ষা থাকিবে না। এই দেশ প্রতিবেশীর করদ রাজ্যে

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## নিজামী

(প্রথম পৃষ্ঠার পর)

পরিণত হইবে। গতকাল শনিবার রাজধানীতে আল-ফালাহ্ মিলনায়তনে মহানগর জামায়াত আয়োজিত সুধী সমাবেশে মাওলানা নিজামী বলেন, আগামী পহেলা অক্টোবরের নির্বাচনে আওয়ামী অপশক্তিকে পরাজিত করিতে হইবে। ইহার বিপরীত ফলাফল হইলে মুসলিম জাতির এই দেশ ধ্বংসের আশংকা রহিয়াছে। জামায়াত আমীর বলেন, ইদানীং আওয়ামী লীগের বুদ্ধিজীবীরা ক্ষমতায় যাওয়ার পর মাদ্রাসা শিক্ষা বন্ধ ও প্রতিরক্ষা বাজেট হ্রাসের দাবী করিতেছেন। আওয়ামী বুদ্ধিজীবীদের এইসব দাবীর মূল কারণ জাতিকে বুঝিতে হইবে। নিজামী বলেন, সন্ত্রাসী ও তাহাদের গড- ফাদারদের ধরিতে হইবে। সেই সাথে মাঠ পর্যায়ে দলীয় মনোভাবাপন্ন কর্মকর্তা-কর্মচারীদের রদবদল করিতে হইবে। তিনি অবৈধ অস্ত্র উদ্ধারে সেনাবাহিনীকে নিয়োগ করার দাবী জানান। সুধী সমাবেশে সভাপতিত্ব করেন মহানগর জামায়াতের সভাপতি এটিএম আজহারুল ইসলাম।